

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ২রা জুন ১৯৯১/১৯শে জ্যৈষ্ঠ ১৪০৬

এস, আর, ও নং ১১৮-আইন/৯৯ ইং বিবিধ-৭/৯১ (রাজ-৪)—যেহেতু সরকার আগামী ১০ই জুন, ১৯৯১ ইং তারিখে জামালপুর জেলার মেলানদহ পৌরসভায় অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকার ভোট কেন্দ্রসমূহে শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিবেদাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে আগামী ৮-৬-৯১ তারিখ সকাল ৬-০০ ঘটিকা হইতে ১১-৬-৯১ ইং তারিখ সন্ধ্যা ৬-০০ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর নিবেদাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লঙ্ঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section 17A এর sub-section (2)তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা :—

(ক) নির্বাচনে আইন-শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য;

( ২৭৬১ )

মূল্য : টাকা ১.০০

(খ) বিচ্ছিন্ন সরকারী, আধাসরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

ব্যাখ্যা—এই আদেশে “শংখলা বাহিনী” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শংখলা বাহিনী।

রাস্ত্রপতির আদেশক্রমে

মোঃ আশিকুল হক চৌধুরী  
উপ-সচিব (রাজনৈতিক)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়,  
ঢাকা কর্তৃক মর্দিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।